



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া
www.dife.gov.bd

বিষয়ঃ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভার কার্যবিবরণী।
সভাপতিঃ মোঃ মাসুদ রানা, উপমহাপরিদর্শক, বগুড়া।
তারিখঃ ০২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ।
সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা।
স্থানঃ উপমহাপরিদর্শকের কক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়নে সভার গুরুত্ব আলোচনা করেন। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইন্ডিকেটর ৮.৮.১ লিঙ্গ ও অভিবাসনগত অবস্থা ভেদে, পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনতে সকলের সক্রিয় কার্যক্রম প্রত্যাশা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	২	৩	৪
১	গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ	গত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সদ্য যোগদানকৃত পরিদর্শকগণকে সেফটি সংশ্লিষ্ট ধারা বিধি আবশ্যিকভাবে বাস্তবায়নের নির্দেশ প্রদান করা হয়।	-
২	বিশেষ পরিদর্শন	অতি ঝুঁকিপূর্ণ কারখানা সমূহ বিশেষ পরিদর্শন করতে হবে। কর্মকালীন সময়ে প্রতিষ্ঠান/কারখানার বহির্গমনের পথ খোলা রাখা হয় কিনা তা গুরুত্বের সহিত লক্ষ্য করতে হবে। পরিদর্শন পরিকল্পনায় জুট মিল, প্লাস্টিক কারখানা, বয়লার সমৃদ্ধ কারখানা সহ বেশি ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তি থাকতে হবে এবং সেফটি সংশ্লিষ্ট ধারা বিধি লংঘনের জন্য আবশ্যিকভাবে নোটিশ প্রেরণ করতে হবে। সমন্বিত পরিদর্শনে প্রেরিত ক্যাপ বাস্তবায়নে মালিকগণকে উদ্বুদ্ধ করতে হবে।	সকল পরিদর্শক।
৩	উদ্বুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে শ্রমিক ও মালিকগণের সহিত APA লক্ষ্য অনুযায়ী উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। জুট মিল সেক্টরে-টিচার কার্ড মেশিন, প্লাস্টিক সেক্টরে-রিসাইক্লিং মেশিন, রাইস মিল সেক্টরে বয়লার অপারেটর সনদ গুরুত্বের সহিত লক্ষ্য করতে হবে।	অত্র দপ্তরের সকল কর্মকর্তা
৪	ওয়েবসাইট হালনাগাদ করণ	বগুড়া জেলা কার্যালয়ের ওয়েবসাইটে/এসডিজি কর্নারে, এসডিজি বিষয়ক কার্যক্রম নিয়মিত আপডেট করতে হবে এবং প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।	মোহাম্মদ আলী, শ্রম পরিদর্শক (সাধারণ)
৫	সেইফটি কমিটি	প্রয়োজ্য সকল কারখানায় সেইফটি কমিটি গঠন নিশ্চিত করতে হবে এবং যে সকল কারখানায় ইতোমধ্যে সেইফটি কমিটি গঠন করা হয়েছে সে সকল কমিটি বিধি মোতাবেক কার্যক্রম করছে কিনা তা পরিদর্শনকালে মনিটরিং করতে হবে। সেফটি কমিটি লিমাতে ইনপুট দেওয়া নিশ্চিত করতে হবে।	সহকারী মহাপরিদর্শক (সেইফটি) সংশ্লিষ্ট বিষয়টি তদারকি করবেন

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Md
02.10.2023

(মোঃ মাসুদ রানা)
উপমহাপরিদর্শক

উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।

ফোনঃ ০১৭৯৬০৮০৮৪১.


ই-মেইলঃ digbogra@gmail.com

স্মারক নম্বরঃ ৪০.০১.১০০০.০০০.০৫.০০২.১৭. - ১২৫৫/১(৭)

তারিখঃ ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০২ আশ্বিন ১৪৩০ খ্রিস্টাব্দ

বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০. (সদয় জ্ঞাতার্থে)
- ২। সহকারী মহাপরিদর্শক (সেইফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৩। এস.এম. সুহেল, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৪। সনজিত কুমার মহন্ত, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৫। মোহাম্মদ আলী, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৬। নাজিয়া জামান, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৭। টি.এম. জিয়াউর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।
- ৭। অফিস কপি।


০২.১০.২০২০

(মোঃ মাসুদ রানা)
উপমহাপরিদর্শক